দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... NOV. 2-2006 ... ...
পৃষ্ঠা ৫ কলাম ৭ ......

# ড. মুহাম্মদ ইউনূস বৃত্তি চালু করছে নিউইয়র্ক সিটি ইউনিভার্সিটি

নিউইয়র্ক সিটি ইউনিভার্সিটি কর্তৃপক্ষ নোবেল শান্তি পুরস্কার বিজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের দারিদ্র্য বিমোচনের অবদানকে অবিস্মরণীয় করে রাখার অভিপ্রায়ে 'ড. মুহাম্মদ ইউনূস বৃত্তি' চালুর একটি প্রকল্প গ্রহণ করেছে। এই ইউনিভার্সিটির ইয়র্ক কলেজের ভাইস প্রেসিডেন্ট জেরাল্ড পোজের নেতৃত্বে এ উপলক্ষে গঠিত হয়েছে 'ড. মুহাম্মদ ইউনূস বৃত্তি' শিরোনামে একটি প্রকল্প কমিটি। প্রকল্প কমিটির প্রধান জেরাল্ড পোজ ৯ নবেম্বর টেলিফোনে প্রস্তাবটি পেশ করেছেন ড. ইউনূসের কাছে। কানাডায় বিশ্ব ক্ষুদ্রঋণ সম্মেলন শেষে ১৭ নবেম্বর নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতর সংলগ্ন মিলেনিয়াম প্লাজা হোটেলে এই প্রকল্পের ব্যাপারে ড. ইউনূস বিস্তারিত মতামত দেবেন বলে ইউনিভার্সিটি কর্তৃপক্ষকে জানিয়েছেন। প্রতিটি

তহবিল গঠনের জন্য ড. ইউনূসের ঘনিষ্ঠ বন্ধু সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটন এবং সিনেটর হিলারি ক্লিনটনের উপস্থিতিতে জানুয়ারি অথবা ফেব্রুয়ারি মাসে নিউইয়র্কে একটি অনুষ্ঠান করা হবে। সেখানে উপস্থিত থাকবেন ড. ইউনূস। বৃত্তির অর্থ প্রদান করা হবে দরিদ্র অথচ মেধাবী ছাত্রদের। জানা গেছে, যুক্তরাষ্ট্রের কোন বিশ্ববিদ্যালয়ে দক্ষিণ এশিয়ার কোন ব্যক্তির নামে এটাই হবে প্রথম বৃত্তি। এ খবরে কমিউনিটি আপ্লুত এবং অভিভূত। খবর নিউইয়র্ক থেকে এনার।

অপরদিকে ১৭ নবেম্বর সন্ধ্যায় ড. ইউনূসকে নিউইয়র্ক কমিউনিটির পক্ষ থেকে সর্বজনীন সংবর্ধনা প্রদানের ব্যাপারটি আবারও অনিশ্চিত হয়েছে। সংবর্ধনা প্রদানের জন্য ইতোপূর্বে গঠিত দুটি কমিটি ঐক্যবদ্ধ হলেও আরেক পক্ষ নিজেদের কমিউনিটির 'এলিট গ্রুপ'-এর

মিলনায়তন ভাড়া করেছেন। ড. ইউনূ... ছোটভাই মোহাম্মদ জাহাঙ্গীরের ... পরিচিতির সুবাদে তারা সংবর্ধনার ... হয়েছেন বলে বাংলাদেশ সোসাইটির সভা... এনামুল মালিক আহূত সংবাদ সম্মেলনে ... নবেম্বর সন্ধ্যায় অভিযোগ করা হয়েছে। সংবাদ সম্মেলনে কমিউনিটির সামাজি... সাংস্কৃতিক-পেশাজীবী সংগঠনের নেতৃ... উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে বলা... যে, ড. ইউনূস সমগ্র বাংলাদেশীর গর্ব, ... 'এলিট গ্রুপ' দাবি করে কেউ যদি সর্বজ... সংবর্ধনার চেতনাকে ধূলিসাত করতে ... সেটি হবে অত্যন্ত বেদনার। সংবাদ সম্মে... উল্লেখ করা হয় যে, 'আমরা কেউই নেতা ... চাই না, সংবর্ধনা মঞ্চেও বসতে চাই ... আমরা চাই ড. ইউনূসের মতো গুণীজ... কমিউনিটির সর্বস্তরের মানুষের স্বতঃ...